# আগামী দিনে কি ঘটবে সেই বিষয় খ্রীষ্ট যোহনকে দেখিয়ে ছিলেন

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ণ R4b পাঠ করতে হবে।

১. **প্রকাশিত বাক্য শিক্ষা দেবার জন্য প্রার্থনা ও বাক্য সহ প্রস্তুত হন।**

**প্রার্থনা ঃ** '' যীশু, সমস্ত পৃথিবীর উপর তুমিই প্রভু। আমাকে এবং বিশ্বাসীদেরকে, যতই মূল্য দিতে হোক না কেন, তোমার পরিচর্য্যা করতে এবং ভবিষ্যতের আশীর্ব্বাদযুক্ত প্রত্যাশায় তোমার দ্বিতীয় আগমনের প্রতি দৃষ্টিপাত করতে সাহায্য কর।''

**টীকা ঃ** প্রকাশিত বাক্য পুস্তকে বহু প্রতীকের ব্যবহার করা হয়েছে। বেশীর ভাগ প্রতীকই পুরাতন নিয়ম থেকে নেওয়া হয়েছে। যীশু কিভাবে পুরাতন নিয়মের ভবিষ্যত বাণীগুলি সফল করেছেন তা নতুন নিয়ম তুলে ধরে। প্রকাশিত বাক্য পুস্তকটি নির্যাতিত খ্রীষ্টানদের তাঁর পৃথিবীতে ফিরে আসার পূর্ব পর্য্যন্ত তাদেরকে অবশ্যই বিশ্বস্ত থাকতে শিক্ষা দেয়।



এই সপ্তাহে প্রকাশিত বাক্য পুস্তকটি পাঠ করুন। নিচের সময়সূচীটি অনুসরণ করুন। অন্বেষণ করুন কি ভাবে বইটি আমাদেরকে স্বর্গের প্রতি দৃষ্টিপাত করে পৃথিবীতে বেঁচে থাকতে সাহায্য করে।

## প্রথম দিন

এই বার্তাগুলিতে খ্রীষ্ট স্বর্গে আমাদের জন্য কি করেছেন তা অন্বেষণ করুন

**১ঃ১-৯** আমাদের জন্য খ্রীষ্ট পৃথিবীতে কিকরেছিলেন।

**১ঃ১০-১৯** স্বর্গে আমাদের জন্য খ্রীষ্ট কি করেন।

**২ঃ১ - ৩ঃ২২** পৃথিবীস্থ বিশ্বাসীদের খ্রীষ্ট কিবলেন (সপ্ত মন্ডলী)

**৪ঃ১ - ৫ঃ১৪** বিশ্বাসীরা স্বার্গে খ্রীষ্টকে কিবলছে।

## দ্বিতীয় দিন

এই বার্তাগুলিতে খ্রীষ্টের জন্য বাঁচার বিষয়ে অন্বেষণ করুন

**৬ঃ১-১৭**পৃথিবীতে ঘটার জন্য স্বার্গে কিনির্ধারীত হয়েছে। (সপ্ত মুদ্রা)

**৭ঃ১-৮** খ্রীষ্টের জন্য, বিশ্বাসীরা পৃথিবীতে কিকরেন। (১২ টি গোষ্ঠী)

**৭ঃ৯ - ৮ঃ৬** বিশ্বাসীদের জন্য স্বর্গে খ্রীষ্ট কিকরেন।

## তৃতীয় দিন

ঈশ্বরের বিচার সম্বন্ধে এই বার্তাগুলিতে অন্বেষণ করুন

**৮ঃ৭ - ৯ঃ২১** ভয়ঙ্কর কি কি ঘটনাগুলি পৃথিবীতে ঘটবে। (সপ্ত তূরী)

**১০ঃ১ - ১১ঃ২** মনোহর বিষয় সমূহ যা স্বার্গে ঘটবে। (সপ্ত মেঘধ্বনি)

**১১ঃ৩-১৪** পৃথিবীতে বিশ্বস্ত বিশ্বাসীদের প্রতি দুষ্ট লোকেরা কিকরবে। (দুজন সাক্ষী)

**১১ঃ১৫-১৯** দুষ্ট লোকেদের প্রতি স্বর্গ কি করবে।

## চতুর্থ দিন

এই বার্তাগুলিতে আধ্যাত্মিক সংঘাতগুলির অন্বেষণ করুন

**১২ঃ১-১২** স্বর্গে উত্তম ও মন্দের মধ্যে সংঘাত।

**১২ঃ১৩-১৭** পৃথিবীতে উত্তম ও মন্দের মধ্যে সংঘাত।

**১৩ঃ১-১০**পৃথিবীতে বিশ্বাসীদের বিরুদ্ধে রাজনৈতিক শক্তি।(২ টি পশু)

**১৩ঃ১১-১৮** পৃথিবীতে বিশ্বাসীদের বিরুদ্ধে আধ্যাত্মিক শক্তি।

## পঞ্চম দিন

এই বার্তাগুলিতে খ্রীষ্টান হিসাবে দুঃখভোগের বিষয় অন্বেষণ করুন

**১৪ঃ১-৫** নির্যাতিত বিশ্বাসীরা যারা স্বর্গে যাবে।

**১৪ঃ৬-১২** স্বর্গে থেকে পৃথিবীতে যে শক্তিশালী দূতেরা আসবেন।

**১৪ঃ১৩-১৮** স্বর্গে ঈশ্বর যা নির্ধারণ করেন।

**১৪ঃ১৯-২০** পৃথিবীতে ঈশ্বর যা করেন।(সপ্ত দূত)

## পঞ্চম দিন (চলবে)

এই বার্তাগুলিতে খ্রীষ্টের প্রত্যাবর্তন সম্পর্কে অন্বেষণ করুন

**১৫ঃ১-৮** কিভাবে ঈশ্বর স্বর্গে বিচার নিষ্পত্তি করবেন।

**১৬ঃ১-২১** কি ভাবে ঈশ্বর পৃথিবীতে বিচার নিষ্পত্তি করবেন।

**১৭ঃ১ - ১৮ঃ৩** কি ভাবে শক্তিশালী জাতীগুলি পৃথিবীতে ভেঙ্গে পড়বে।(৭ জন রাজা)

**১৮ঃ৪-৮** কিভাবে ঈশ্বর স্বর্গ থেকে শক্তিশালীদের দোষী সাব্যস্ত করবেন।

**১৮ঃ৯-২৪** কিভাবে ঈশ্বরের ইচ্ছা পৃথিবীতে শেষ শাস্তি আনায়ণ করবে।

**১৯ঃ১-১০** যে ভাবে ঈশ্বরের ইচ্ছা স্বর্গে থেকে চূড়ান্ত বিজয় আনায়ণ করবে।

## ষষ্ঠ দিন

এই বার্তাগুলিতে খ্রীষ্টের অনন্তকালীন রাজ্য সম্বন্ধে অন্বেষণ করুন।

**১৯ঃ১১-১৮** কিভাবে যীশু রাজা হিসাবে স্বর্গে রাজত্ব করবেন।

**১৯ঃ১৯-২১** যে ভাবে যীশু পৃথিবীতে বিজয়ী হবেন।

**২০ঃ১-৩** যে ভাবে স্বার্গের শক্তি শয়তানকে অন্ধ করবে।

**২০ঃ৪-১০** যে ভাবে খ্রীষ্টের শক্তি পৃথিবীর উপর রাজত্ব করবে।(১ পুনুরুত্থান)

**২০ঃ১১-১৭** যে ভাবে ঈশ্বর স্বর্গ থেকে সমস্ত দুষ্টদের বিচার করবেন।

**২১ঃ১-৮** যে ভাবে ঈশ্বর পৃথিবীর সমস্ত ধর্মিকদের পুরস্কৃত করবেন।(২ পুণরুত্থান)

## সপ্তম দিন

এই বার্তগুলি থেকে বর্তমান লোকদের জন্য অন্বেষণ করুন

**২১ঃ৯-২৭** বিশ্বাসীদের জন্য স্বর্গের প্রতিজ্ঞাসমূহ।

**২২ঃ১-৫**পৃথিবীর দুষ্টদের প্রতি সতর্কতা ।

## প্রকাশিত বাক্য পুস্তকের প্রধান ঘটনা সমূহ

| খ্রীষ্টের প্রথম আগমন | | খ্রীষ্টের দ্বিতীয় আগমন | শেষ বিচার |
|---|---|---|---|
| † | "মহা তাড়না" | পুণরুত্থান | নতুন স্বর্গ ও পৃথিবী |

— সময় →

২. **আসন্ন সপ্তাহের জন্য আপনার সহ কর্মীদের সাথে কার্য কলাপের পরিকল্পনা করুন।**

যারা তাড়িত অথবা প্রলোভিত হচ্ছে, তাদের পরিদর্শন করুন এবং তাদের জন্য **প্রকাশিত বাক্য ২ঃ১০; ৩ঃ১০; ৭ঃ১৪; ১৩ঃ১০; ১৪ঃ১২; ২০ঃ৪; এবং ২১ঃ৭** এই অংশ গুলি থেকে সাতটি পুনঃ নিশ্চয়তা করা ভবিষ্যত বানী গুলি পাঠ করুন।

ব্যাখ্যা করে বলুন যে খ্রীষ্টোনদের সব সময় সমস্যা থাকবে, কিন্তু যদি আমরা যদি তাঁর প্রতি বিশ্বস্ত থাকি তবে খ্রীষ্ট আমাদের পুরস্কৃত করবেন।

যদি আপনি নতুন নেতাদের প্রশিক্ষণ দিচ্ছেন তবে প্রকাশিত বাক্য পুস্তকটি অনুবাদ করার জন্য তাদেরকে সাতটি নির্দেশাবলী ব্যাখ্যা করে দিন।

- পুরাতন নিয়ম থেকে প্রতীকগুলির অর্থ দেখুন।
- প্রকাশিত বাক্যেই কেবলমাত্র প্রদত্ত প্রতীকগুলি প্রদত্ত হয়েছে, যার অর্থগুলো সম্বন্ধে বাইবেলের অন্যান্য অংশে শিক্ষা দেওয়া হয়েছে।
- পুস্তকটি সেই চিত্র এবং ছবিগুলি তুলে ধরে সেগুলি থেকে আমরা বুঝতে পারি যে, এমন কি যখন আমাদের খ্রীষ্টের জন্য যাতনা ভোগ করতে হবে, তখনও ঈশ্বর সমস্ত কিছুর কর্তৃত্ব ধারণ করে থাকেন।
- খুঁজে দেখুন কিভাবে পুস্তকটির সমস্ত অংশ খ্রীষ্টানদের খ্রীষ্টের প্রতি বাধ্য হতে এবং স্বর্গের জন্য আশা রাখতে সাহায্য করে।
- বইটিতে যে শিক্ষা তুলে ধরা হয়েছে বিশ্বাসীরা যেন সর্বদা তা প্রয়োগ করেন প্রতি ব্যবহার করুন।

৩. **আসন্ন আরাধনার বিষয়ে আপনার সহকর্মীদের সাথে পরিকল্পনা করুন।**

প্রকাশিত বাক্য পুস্তক থেকে একটি অধ্যায় (হতে পারে ৭ অধ্যায়) পাঠ করুন অথবা অন্য কেউ অন্যদের জন্য পাঠ করুক।

কিভাবে বইটি ব্যাখ্যা করতে হবে তা ব্যাখ্যা করুন এবং কিভাবে ইহা তাদের প্রতি প্রয়োগ করতে হবে সেই বিষয়ে বিশ্বাসীদের আলোচনা করতে দিন।

শিশুরা যা কিছু প্রস্তুত করেছেন, তা তাদের উপস্থাপন করতে দিন।

প্রভুর ভোজ সম্পাদনের জন্য প্রকাশিত বাক্য ১ঃ১৭ এবং ১৮ পদ পাঠ করুন এবং ব্যাখ্যা করুন যে যীশুর জন্য মৃত্যু এবং পুণরুত্থান আমাদেরকে এখন এবং চিরকালের জন্যজীবন দান করে এবং এক সঙ্গে রুটী ভাঙ্গার বিষয়টি আমাদের সেই সত্যগুলো স্মরণ করিয়ে দেয়।

পরস্পরের প্রয়োজন শ্রবণ, উৎসাহ দান এবং পরস্পরের প্রতি বিশ্বস্ত থাকা ও পরস্পরের নিমিত্ত প্রার্থনা করার জন্য তিন চার জনের ছোট ছোট দল গঠন করুন।

মুখস্থ পদ প্রকাশিত বাক্য ১৯ঃ১০ পদ একসাথে মুখস্থ করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net